

রাজশাহী শিক্ষা বোর্ড
এইচএসসি পরীক্ষায়
৪২টি নকলপ্রবণ
কেন্দ্র চিহ্নিত

রাজশাহী অফিস ॥ রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড আগামী ২৯ মে থেকে অনুষ্ঠিত ২০০৩ এইচএসসি পরীক্ষায় ৪২টি পরীক্ষা কেন্দ্রে নকল প্রবণ কেন্দ্র হিসাবে ঘোষণা করেছে। এসব পরীক্ষা কেন্দ্রে শিক্ষা বোর্ড প্রধান পাঁচদিন ভিডিওতে চিত্র ধারণ করবে। এছাড়া শিক্ষা বোর্ডের ৮টি বিশেষ দল ঋটিকা অভিযান চালাবে। নকল প্রবণ কেন্দ্রগুলো হলো রাজশাহী জেলার ভবানীগঞ্জ কলেজ। নাটোর জেলার ওরুদাসপুরের বিসিএসএম কলেজ বনপাড়া কলেজ, খুবজীপুর এম, ইন কলেজ। নওগাঁ জেলার আহম্মদগঞ্জ মৌলানা আজাদ স্মারক কলেজ, মৌলানা মোমিন শাহানা কলেজ, ধানইরহাট এম, এম কলেজ, পরশা কলেজ ও (১২শ পৃঃ প্রঃ)

রাজশাহী শিক্ষা বোর্ড
(৮ম পৃঃ পর)

রানীনগর শের এ বাংলা কলেজ। পারনা জেলার বেড়া কলেজ ও ভানুয়া হাজী জামাল উদ্দীন কলেজ। ১১ গিরাজগঞ্জ জেলার মল্লা কলেজ, বেলকুচি কলেজ ও চৌহানী কলেজ। বগুড়া জেলার ধুনট কলেজ কাহালু কলেজ ও নগরতপুর কলেজ। রংপুর জেলার পীরগাছা কলেজ, মিঠাপুকুর কলেজ বদরগঞ্জ কলেজ ও শঠিবড়ী কলেজ। গাইবান্ধা জেলার ধরমপুর আবদুল জব্বার কলেজ, গোবিন্দগঞ্জ কলেজ, গোবিন্দগঞ্জ মহিলা কলেজ, সুন্দরগঞ্জ তি, ডাঙ্গা কলেজ, ফুলছড়ি কলেজ ও কামদিয়া নুরুল হক কলেজ। নীলফামারী জেলার জলঢাকা কলেজ, কিশোরীগঞ্জ কলেজ ও ডিমলা ইসলামিয়া কলেজ। কুড়িগ্রাম জেলার রাজারহাট নীর ইসমাইল হোসেন কলেজ ও সৌমারী কলেজ। দিনাজপুর জেলার কে, বি, এম কলেজ, বিরামপুর কলেজ, সেতাবগঞ্জ কলেজ, ঘোড়াগাতি কলেজ ও ভবানীপুর ডিগ্রী কলেজ। ঠাকুরগাঁও জেলার সালদার কলেজ ও কুহিয়া কলেজ এবং পঞ্চগড় জেলার দেবীগঞ্জ কলেজ ও পাথরাজ কলেজ।